### ৫৮৬ জায়গায় কর্মসূচি

# রামনবমীর তোড়জোড়

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** 'এবছর বিগত অন্য বছরের তুলনায় আরও বড় আকারে রামনবমী পালন করা হবে।' কয়েকদিন থেকে বারবার এই কথা শোনা যাচ্ছে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মুখে। বিজেপি যে এবছর রামনবমী উদযাপনে সর্বশক্তি প্রয়োগ করতে চলেছে শুভেন্দুর কথায় স্পষ্ট। ইতিমধ্যে তার আভাস মিলছে।

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ, বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল, হিন্দু জাগরণ মঞ্চের মতো বিভিন্ন সংগঠন আলিপুরদুয়ারে জোরকদমে প্রস্তুতি শুরু করেছে ৬ এপ্রিল রামনবমী নিয়ে। জেলায় ছোট-বড় মিলিয়ে প্রায় ৫৮৬ জায়গায় রামনবমী পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই আলিপুরদুয়ার শহর সহ বিভিন্ন এলাকায় পোস্টার পড়তে শুরু করেছে। তৈরি হচ্ছে তোরণও।

আদতে এত জায়গায় রামনবমী উদযাপন হবে কি না সেই প্রশ্ন থাকছে। কেননা জেলায় প্রায় ১৩০০ বুথ রয়েছে। প্রায় অর্ধেক বুথে আদৌ রামনবমী পালন হবে কি না সেই প্রশ্নও থাকছে। যদিও রামনবমী উদযাপন সমিতির আলিপুরদুয়ার কমিটির যুগ্ম সম্পাদক সুব্রত দাসের দাবি, 'গত বছরের তুলনায় এবছর দ্বিগুণের বেশি জায়গায় রামনবমী উদযাপন করা হবে। আগে থেকে প্রচার চলছে।'

একদিকে রামনবমী উদযাপন সমিতির ব্যানারে যখন বিভিন্ন সংগঠন প্রস্তুতি করছে তখন প্রচারে না এসেই পিছনে বড় ভূমিকা নিচ্ছে বিজেপিও। বিভিন্ন বিজেপি নেতাকে গ্রাম পঞ্চায়েতভিত্তিক দায়িত্ব দেওয়া হয়েছে রামনবমী পালনের। পুরসভার ক্ষেত্রে ২ থেকে ৩টি ওয়ার্ড মিলে একজন বিজেপি নেতাকে দায়িত্ব দেওয়া হয়েছে। এখন বিজেপি নেতাদের একপ্রকার প্রতিযোগিতা চলছে কার অনুষ্ঠান নজর কাড়তে পারে সেদিকেও।

জেলা বিজেপির সাধারণ সম্পাদক মিঠু দাস বলছেন, 'রামনবমীতে সকলে শামিল হয়। আমরাও শামিল হব। এখানে রাজনীতির কোনও বিষয় নেই। এটা তো দলের কর্মসূচি নয়। ধর্মীয় অনুষ্ঠান।'

বিজেপির নেতারা এনিয়ে কিছু না বলতে চাইলেও জেলা স্তরের এবং মণ্ডল স্তরের নেতারা কিন্তু কর্মীদের সঙ্গে যোগাযোগ করছেন রামনবমী সফলভাবে পালন নিয়ে। অঞ্চলভিত্তিক একটি করে অনুষ্ঠান হবে। এছাড়াও ছোট ছোট কয়েক জায়গায় পুজো হবে। জেলায় আরএসএসের আটটি প্রখণ্ডে শোভাযাত্রা করার ভাবনা রয়েছে। সব থেকে বড় শোভাযাত্রা হবে আলিপুরদুয়ার শহরে। এছাড়াও ফালাকাটা, বীরপাড়া, কালচিনি, জয়গাঁ, বারবিশা, বাবুরহাট, সাহেবপোঁতা এলাকাতেও বড় শোভাযাত্রা হবে। আলিপুরদুয়ার শহরের শোভাযাত্রা ফায়ার ব্রিগেডের থেকে শুরু হয়ে বিএফ রোড ধরে শোভাগঞ্জে শেষ হবে। শোভাগঞ্জ বাসস্ট্যান্ডের পাশে মন্দিরে পুজো, যজ্ঞ ও প্রসাদ বিলির আয়োজন করা হবে। শহরের এই বড় শোভাযাত্রায় আলিপুরদুয়ার জংশন, ঘাগরা এবং শহরের বিভিন্ন এলাকা থেকে ছোট শোভাযাত্রা এসে যোগ দেবে। শোভাযাত্রায় বেশ কিছু ট্যাবলোও রাখার ভাবনা রয়েছে রামনবমী উদযাপন সমিতি সূত্রে খবর।

**আয়োজন**

- রামনবমী পালনের উদ্দেশে আলিপুরদুয়ারের বিভিন্ন এলাকায় তৈরি হচ্ছে তোরণ
- প্রচারে না এসেই পিছনে বড় ভূমিকা নিচ্ছে বিজেপি
- বিভিন্ন বিজেপি নেতাকে এলাকাভিত্তিক দায়িত্ব দেওয়া হয়েছে
- জেলায় আরএসএসের আটটি প্রখণ্ডে শোভাযাত্রা করার ভাবনা রয়েছে

## ষষ্ঠ মণ্ডল অফিসে কাজ শুরু

**শামুকতলা, ২৪ মার্চ :** দীর্ঘ অপেক্ষার পর সোমবার শামুকতলায় চালু হল প্রাথমিক, উচ্চপ্রাথমিক ও হাইস্কুলগুলির ষষ্ঠ মণ্ডলের অফিস। এতে আলিরপুরদুয়ার-২ ব্লকের ৪টি গ্রাম পঞ্চায়েতর ৭১টি স্কুল উপকৃত হবে। লোকনাথপুর হাইস্কুলের প্রধান শিক্ষক ক্ষিতীশচন্দ্র দেবনাথ বলেন, 'ষষ্ঠ মণ্ডলের জন্য নিজস্ব অফিস চালু হওয়ায় আমরা খুশি।' এতদিন আলিপুরদুয়ার ষষ্ঠ মণ্ডলের শামুকতলা মহাকালগুড়ি কোহিনুর এবং তুরতুরি গ্রাম পঞ্চায়েত এলাকার পাশাপাশি আরও অন্য স্কুলগুলিকে যশোডাঙ্গা বিডিও অফিস সংলগ্ন উত্তর মণ্ডলের সার্কেল অফিসে কাজের জন্য যেতে হত। আলিপুরদুয়ার ষষ্ঠ মণ্ডলের স্কুল ইনস্পেকটর সৈয়দ আনোয়ার মোল্লা বললেন, 'ষষ্ঠ মণ্ডলে অফিস চালু হওয়ায় আমরা সহজেই স্কুলগুলিতে মনিটরিং করতে পারব।'

**টুকরো খবর**

### কর্মশালা

**কুমারগ্রাম, ২৪ মার্চ :** শিশু সুরক্ষা বিষয়ে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী জওয়ানদের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে সোমবার একটি কর্মশালা হল ইন্দো-ভুটান সীমান্তের কালিখোলা এসএসবি শিবিরে। জেলা প্রশাসনের সহযোগিতায় চাইল্ড ইন নিড ইনস্টিটিউট (সিনি) কুমারগ্রাম ব্লক শাখার উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় শিশু সুরক্ষার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। সিনির কুমারগ্রাম ব্লক কোঅর্ডিনেটর টুম্পা বণিক জানালেন, চাইল্ড লেবার প্রহিবিশন অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট, পকসো অ্যাক্ট, হিউম্যান ট্রাফিকিং আইন প্রভৃতি নিয়ে জওয়ানদের সক্ষমতা বৃদ্ধিতে নজর দিতেই এই কর্মশালা।

### আলোচনা সভা

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** ট্র্যাক মেইনটেনার্সদের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা সভার আয়োজন করল উত্তর-পূর্ব সীমান্ত রেলের এমপ্লয়িজ ইউনিয়ন। রেলের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ ট্র্যাক রক্ষণাবেক্ষণ করা। সেই কাজেরই নানা সমস্যার কথা শোনা হয় সভায়। সেখানে উপস্থিত ছিলেন উত্তর-পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ারের ডিআরএম অমরজিৎ গৌতম সহ রেলওয়ে এমপ্লয়িজ ইউনিয়নের সম্পাদক সুজিতকুমার মিশ্রা প্রমুখ।

### স্মারকলিপি

**বারবিশা, ২৪ মার্চ :** বেহাল বোল্ডার বাঁধ সংস্কারের দাবিতে সোমবার ডুয়ার্সকন্যায় গিয়ে জেলা শাসককে স্মারকলিপি দিলেন কুমারগ্রাম ব্লকের খোয়ারডাঙ্গা-১ গ্রাম পঞ্চায়েতের পশ্চিম চ্যাংমারির নদীভাঙন কবলিত এলাকার বাসিন্দারা। স্মারকলিপি জমা দিয়ে এমনটাই জানালেন ওই এলাকার বাসিন্দারা জানালেন তাঁরা আশা করছেন, জেলা শাসকের হস্তক্ষেপে বর্ষার আগেই ভেঙে পড়া বোল্ডার বাঁধ মেরামতিতে উদ্যোগী হবে সেচ দপ্তর।

### দেহ উদ্ধার

**শামুকতলা, ২৪ মার্চ :** রায়ডাক চা বাগানে এলাকার এক কিশোরের ঝুলন্ত দেহ উদ্ধার হল সোমবার সকালে। আন্স টোপ্পো (১৭) নামে ওই ওই কিশোরের বাবা-মা কেউ নেই। বাড়িতে সে একাই থাকত। প্রতিবেশীরা এদিন তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে শামুকতলা থানায় খবর দেন। পুলিশ দেহ ময়নাতদন্তে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে।

# ধাওয়া করে মদ বাজেয়াপ্ত

**সমীর দাস**

**কালচিনি, ২৪ মার্চ :** গত বৃহস্পতিবারের পর আবারও কালচিনি এলাকায় অভিযান চালিয়ে আবগারি দপ্তর প্রায় ১৮০ লিটার ভুটানি মদ বাজেয়াপ্ত করল। রবিবার গভীর রাতে কালচিনির প্রত্যন্ত সেন্ট্রাল ডুয়ার্স চা বাগানের রাঙ্গামাটির পানিকূপটোলা এলাকায় আবগারি দপ্তরের আধিকারিকরা একটি ছোট গাড়িকে ধাওয়া করে আটক করেন। গাড়িটি থেকে বেআইনি মদ বাজেয়াপ্ত হওয়ায় চালককে গ্রেপ্তার করা হয়েছে। অভিযুক্ত ব্যক্তি গাঙ্গুটিয়া চা বাগানের বাসিন্দা। আবগারি দপ্তরের তরফে জানা গিয়েছে, গোপন সূত্রে খবর পেয়ে রবিবার সন্ধ্যা থেকেই আবগারি দপ্তরের কালচিনি সার্কেলের কর্মী ও আধিকারিকরা বাগানের ওই এলাকায় নজর রেখেছিলেন। এসএসবি ৫৩ ব্যাটালিয়নের জওয়ানরা তাঁদের সহযোগিতায় ছিলেন।

রাত ১২টা নাগাদ একটি ছোট গাড়ি ওই এলাকা দিয়ে পার হয়ে যাওয়ার সময় দপ্তরের কর্মী ও আধিকারিকরা গাড়িটির পিছনে ধাওয়া করেন। এভাবে কিছুটা পথ যাওয়ার পর আবগারি দপ্তরের গাড়িটি ছোট গাড়িটির পথ আটকায়। পালানোর পথ না পেয়ে অভিযুক্ত চালক গাড়ি থামাতে বাধ্য হয়। এরপর ওই গাড়ি থেকে ১০টি কাগজের বাক্সে ৭৮ লিটার ভুটানি বিয়ার এবং ১১টি বাক্সে প্রায় ১০০ লিটার ভুটানি হুইস্কি বাজেয়াপ্ত হয়। চালককে গ্রেপ্তারের সঙ্গে গাড়িটিকেও আটক করা হয়।

আবগারি দপ্তরের আলিপুরদুয়ারের সুপারিন্টেন্ডেন্ট উগেন শেওয়াং বলেন, 'ভুটানি মদের কারবার রুখতে জেলাজুড়ে এই ধরনের অভিযান লাগাতার চলছে। ফলে বেআইনি মদ পাচার নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। ভবিষ্যতেও এরকম অভিযান চলতে থাকবে।'

ভুটানের পাশাখা এলাকা থেকে ঢিলছোড়া দূরত্বে সেন্ট্রাল ডুয়ার্স চা বাগান রয়েছে। মাঝে থাকা বাসরা নদীতে এই মরশুমে জল থাকে না। তাই ভুটান থেকে মদ এনে ছোট গাড়িতে বোঝাই করে বাসরা নদী পার হয়ে সহজেই সেন্ট্রাল ডুয়ার্স চা বাগানে পৌঁছানো যায়। ফলে ওই এলাকায় অবৈধ মদ পাচারকারীদের রমরমা বাড়ছে। সেখান থেকে কালচিনির অন্যান্য চা বাগান সহ বাকি এলাকাগুলিতে বেআইনি মদ পাচারের এই চক্র চলছে। অনেক ক্ষেত্রে অর্থের লোভে স্থানীয় কিছু মানুষও নিজেদের বাড়িতে বেআইনি মদ মজুত ও পাচারের ক্ষেত্রে সাহায্যও করছেন। আবগারি দপ্তর লাগাতার অভিযান চালিয়ে মদ পাচারের সেই নেটওয়ার্ক ভেঙে ফেলতে কড়া পদক্ষেপ করছে। গত ২০ মার্চ কালচিনির বিভিন্ন চা বাগানে একইভাবে অভিযান চালিয়ে প্রায় ২০০ লিটার ভুটানি মদ বাজেয়াপ্ত করা হয়েছিল।

**ধৃত চালক**

- সেন্ট্রাল ডুয়ার্স চা বাগানে ১৮০ লিটার মদ বাজেয়াপ্ত
- রবিবার সন্ধ্যা থেকেই নজরদারি চালায় আবগারি দপ্তর
- ঘটনায় মদবোঝাই গাড়ির চালক গ্রেপ্তার হয়েছে



ভুটানি মদের কারবার রুখতে জেলাজুড়ে এই ধরনের অভিযান লাগাতার চলছে। ফলে বেআইনি মদ পাচার নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। ভবিষ্যতেও এরকম অভিযান চলতে থাকবে।

-উগেন শেওয়াং
*সুপারিন্টেন্ডেন্ট, আবগারি দপ্তর, আলিপুরদুয়ার*



*ভাটপাড়া চা বাগানের চা গাছের ঝোপের আড়ালে চিতাবাঘের শাবক।*

# বাগানে চিতাবাঘের তিন শাবকের দেখা

**সমীর দাস**

**কালচিনি, ২৪ মার্চ :** একটি নয়, দুটি নয় একসঙ্গে তিনটি চিতাবাঘের শাবকের দেখা মিলল কালচিনির ভাটপাড়া চা বাগানে। সোমবার সকালে বাগানের ২৩ আরপি সেকশনে কাজ করতে গিয়ে বাগানের শ্রমিকরা চা গাছের ঝোপের ভেতরে চিতাবাঘের তিনটি শাবককে দেখতে পান। তাঁরা তৎক্ষণাৎ বাগান কর্তৃপক্ষকে বিষয়টি জানালে কর্তৃপক্ষ বক্সা ব্যাঘ্র-প্রকল্পের পানা রেঞ্জে খবর দেয়। খবর পেয়ে পানা রেঞ্জের বনকর্মীরা সেখানে ছুটে যান। যদিও এখনও পর্যন্ত শাবক তিনটিকে উদ্ধার করে অন্যত্র নিয়ে যাওয়া হয়নি। বন দপ্তর জানিয়েছে, চিতাবাঘের শাবকের গায়ে একবার মানুষের ছোঁয়া লাগলে মা চিতাবাঘ সেই শাবকদের আর গ্রহণ করে না। সেজন্য চিতাবাঘের শাবকদের উদ্ধার না করে সেখানেই রেখে দেওয়া হয়েছে। পরবর্তীতে মা চিতাবাঘ এসে শাবকদের সরিয়ে নিয়ে যেতে পারে বলে আশা করছেন বনকর্মীরা।

কালচিনির চা বাগানগুলোতে বহুদিন থেকেই চিতাবাঘের দৌরাত্ম্য লেগে রয়েছে। কয়েকদিন আগেও মেচপাড়া, চুয়াপাড়া ও আটিয়াবাড়ি চা বাগানে চিতাবাঘকে খাঁচাবন্দি করা হয়েছিল। এদিন ফের চা বাগানের সেকশনে চিতাবাঘ দেখতে পেয়ে শ্রমিকরা তাই কিছুটা আতঙ্কিত হয়ে পড়েন। যদিও পরবর্তীতে কর্মরত শ্রমিকদের ওই সেকশন থেকে অনেকটাই দূরে কাজের জন্য স্থানান্তরিত করা হয়। বন দপ্তরের পানা রেঞ্জের তরফে জানানো হয়েছে, বনকর্মীরা ওই এলাকায় লাগাতার নজরদারি চালিয়ে যাচ্ছেন। আপাতত ওই এলাকায় শ্রমিকদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে।

বন দপ্তর জানিয়েছে, চিতাবাঘের শাবকগুলোর বয়স প্রায় ২০-২৫ দিন। যেহেতু এর আগেও কয়েকটি চা বাগানে মা চিতাবাঘ নিজের শাবকদের ফিরিয়ে নিয়ে গিয়েছে, এক্ষেত্রেও তাই বন দপ্তরের কর্মীরা অপেক্ষা করার পক্ষপাতী।

এখন চিতাবাঘের প্রজনন ঋতু চলছে। এই সময় মা চিতাবাঘ শাবকদের নিরাপত্তার কথা বিবেচনা করে জঙ্গলে প্রসব না করে চা বাগানকেই বেছে নেয়। কারণ প্রসবের পর জঙ্গলে অন্য বন্যপ্রাণী শাবকদের ওপর হামলা চালাতে পারে। সেকারণেই চা বাগানের শান্ত ও স্নিগ্ধ পরিবেশে মা চিতাবাঘ প্রসব করে অনেকেই নিশ্চিন্তে থাকে। একটু বড় হলে মা চিতাবাঘ আবার শাবকদের নিয়ে জঙ্গলে ফিরে যায়। এছাড়া বেশি শব্দ হলেও মা চিতাবাঘ শাবকদের কাছে ঘেঁষে না। তাই বনকর্মীরা এই এলাকায় যাতে শব্দ না হয় তা সুনিশ্চিত করছেন। এই মরশুমে চা বাগানের নর্দমায় জল থাকে না। তাই অনেক সময় চা বাগানের নর্দমায় প্রসব করে মা চিতাবাঘ। তবে ভাটপাড়া বাগানে মা চিতাবাঘটি চা গাছের ঝোপেই প্রসব করেছে বলে বন দপ্তরের অনুমান। মা চিতাবাঘ শাবকদের পরিত্যাগ করলে তখন অবস্থা বুঝে শাবকদের উদ্ধার করার কথা বিবেচনা করবে বন দপ্তর।

**ঝোপেই প্রসব**

- সোমবার সকালে ভাটপাড়া বাগানে তিনটি চিতাবাঘ শাবকের দেখা মেলে
- চিতাবাঘের শাবকগুলোর বয়স প্রায় ২০-২৫ দিন
- বক্সা ব্যাঘ্র-প্রকল্পের রেঞ্জের বনকর্মীরা সেখানে ছুটে যান
- এখনও পর্যন্ত শাবক তিনটিকে উদ্ধার করে অন্যত্র নিয়ে যাওয়া হয়নি
- মা চিতাবাঘটি চা গাছের ঝোপেই প্রসব করেছে বলে বন দপ্তরের অনুমান



**পাঠকের লেন্সে**
8597258697
picforubs@gmail.com

বেলাশেষে।।
*হলদিবাড়ির আঙ্গুলদেখায় ছবিটি তুলেছেন পূর্ণেন্দু রায়।*

# আবাস নিয়ে পথে বিশেষভাবে সক্ষমরা

**শালকুমারহাট, ২৪ মার্চ :** আবাস নিয়ে যেন অভাব, অভিযোগের শেষ নেই। এ নিয়ে এবার সোচ্চার হয়েছেন বিশেষভাবে সক্ষমরাও। কারণ বিশেষভাবে সক্ষমদের আবাসের ক্ষেত্রে বঞ্চিত করা হয়েছে বলে অভিযোগ। তবে সোমবার আবাস নিয়ে বিশেষভাবে সক্ষমদের 'দিদিকে বলো'-তে ফোন করার পরামর্শ দিলেন তৃণমূল পরিচালিত শালকুমার-১ গ্রাম পঞ্চায়েত প্রধান শ্রীবাস রায়।

এদিন আবাস সহ নানা দাবিতে মিছিল করে প্রধানের দ্বারস্থ হন পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনির প্রতিনিধিরা। প্রধানের পরামর্শে এখন সেভাবেই ধাপে ধাপে সবাই দিদিকে বলোতে ফোন করে নালিশ জানাবেন বলে বিশেষভাবে সক্ষমরা জানিয়েছেন।

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনির আলিপুরদুয়ার-১ ব্লক সম্পাদক অজিত দাস এদিনের কর্মসূচির নেতৃত্বে ছিলেন। তাঁর কথায়, 'শালকুমার-১ গ্রাম পঞ্চায়েত প্রধান আবাস নিয়ে দিদিকে বলো-তে ফোন করার পরামর্শ দেন। সেই মোতাবেক এখন বিশেষভাবে সক্ষমরা ফোন করবেন। তবে আবাস ছাড়াও আমাদের অন্যান্য দাবিও রয়েছে।'



কী কী দাবি? যেমন মানবিক ভাতা প্রতি মাসে এক হাজার টাকার বদলে পাঁচ হাজার টাকা করতে হবে। একশোদিনের কাজ দিতে হবে। অনলাইনে যাতে প্রতিবন্ধী শংসাপত্র গ্রাম পঞ্চায়েত কার্যালয় থেকে দেওয়া হয়, সেই দাবিও উঠেছে। আবার স্বনির্ভর হওয়ার জন্য বিশেষভাবে সক্ষমদের ঋণ দিতে হবে বলেও দাবিতে জানানো হয়। এইসব দাবিতে এদিন শালকুমার-১ ও শালকুমার-২ গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের সামনে মিছিল করেন বিশেষভাবে সক্ষমরা। পরে দুই প্রধানের সঙ্গেই দাবিগুলি নিয়ে আলোচনা করেন তাঁরা।

দিদিকে বলোতে ফোন করে জানালেই কি বিশেষভাবে সক্ষমরা আবাস পাবেন? শালকুমার-১ গ্রাম পঞ্চায়েত প্রধান শ্রীবাস রায়ের কথায়, 'আবাসের তালিকা অনেক আগের সমীক্ষা অনুযায়ী হয়েছে। তাই এখন কোনও দরিদ্র মানুষ যাতে আবাস থেকে বঞ্চিত না হন সেটা আমরাও চাই। দিদিকে বলোতে কেউ অভিযোগ জানালে পরবর্তীতে সেই নামের তালিকা আমাদের গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে আসবে। তখন সেই অনুযায়ী সমীক্ষা করে দেখা হবে।' এই প্রক্রিয়ায় আগামীতে বিশেষভাবে সক্ষমরাও আবাসের তালিকাভুক্ত হতে পারবেন, আশ্বাস প্রধানের।



*জয়ন্তীতে পড়ুয়াদের প্রকৃতি ও জীববৈচিত্র্যের পাঠ। সোমবার।*

### রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগ

# মোবাইল আসক্তি কাটাতে প্রকৃতি পাঠ

**অসীম দত্ত**

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** মুঠোফোন আসক্তি কাটিয়ে পড়ুয়াদের প্রকৃতি ও জীববৈচিত্র্যের সঙ্গে পরিচয় করানোর লক্ষ্যে অভিনব উদ্যোগ নিয়েছে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ।

সংস্থার উদ্যোগে আলিপুরদুয়ার ও কোচবিহারের মোট দশটি স্কুলের পড়ুয়াদের নিয়ে সোমবার থেকে জয়ন্তীতে শুরু হয়েছে দু'দিনের এই প্রকৃতি বীক্ষণ শিবির। দুই জেলার মোট ৯০ জন পড়ুয়া শিবিরে অংশ নিয়েছে। এর মধ্যে আলিপুরদুয়ারের আটটি ও দুটি স্কুল রয়েছে কোচবিহারের। ব্যবস্থাপনায় রয়েছে আলিপুরদুয়ার নেচার ক্লাব। সংযোজনা করছে নেতাজি বিদ্যাপীঠ হাইস্কুল।

সোমবার সকাল সাড়ে দশটায় জাতীয় পতাকা তুলে শিবিরের সূচনা করেন ডঃ কল্যাণ রুদ্র। এরপর স্কুলগুলির ছাত্রছাত্রী সহ উপস্থিত সবার জাতীয় ও রাজ্য সংগীত পরিবেশনের মাধ্যমে শিবির শুরু হয়। অনুষ্ঠানে আলিপুরদুয়ার ম্যাক উইলিয়াম হাইস্কুল, আলিপুরদুয়ার হাইস্কুল, আলিপুরদুয়ার বালিকা বিদ্যালয়, জিৎপুর হাইস্কুল, নেতাজি বিদ্যাপীঠ, পাটকাপাড়া হাইস্কুল, সুকান্ত হাইস্কুল, জটেশ্বর হাইস্কুল, কোচবিহারের খোল্টা হাইস্কুল ও বাণেশ্বর খাপসা হাইস্কুলের ছাত্রছাত্রীরা অংশ নেয়। প্রতিটি স্কুল থেকে একজন শিক্ষক এবং মেয়েদের স্কুলগুলি থেকে একজন করে শিক্ষিকা শিবিরে অভিভাবক হিসেবে যোগ দিয়েছেন।

এদিনের অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অফিসার অন স্পেশাল ডিউটি (ওএসডি) সুব্রত ঘোষ, নেচার ক্লাবের চেয়ারম্যান ও সম্পাদক যথাক্রমে গৌরচন্দ্র পাল ও ত্রিদিবেশ তালুকদার, পরিবেশপ্রেমী রানা বোস, পাপু দত্ত, অভিজিৎ মালাকার প্রমুখ।

অনুষ্ঠানের সূচনা করে ডঃ কল্যাণ রুদ্র বলেন, 'মুঠোফোনের দাপটে নতুন প্রজন্ম একপ্রকার ঘরবন্দি। এই প্রজন্মকে পরিবেশ ও জীববৈচিত্র্যের সঙ্গে পরিচয় করাতে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ রাজ্যজুড়ে এমন উদ্যোগ নিয়েছে। আলিপুরদুয়ার থেকে সেই যাত্রা শুরু হল।' শিবিরে পড়ুয়াদের পরিবেশের সঙ্গে পরিচয়ের পাশাপাশি শক্তি সংরক্ষণ, জল সংরক্ষণ, প্লাস্টিক বর্জন, পুষ্টিকর খাবার গ্রহণ, বর্জ্য হ্রাস, স্বাস্থ্যকর জীবনশৈলী, পরিষ্কার-পরিচ্ছন্ন শৌচালয় ব্যবহার প্রসঙ্গেও সচেতন করা হবে বলে উদ্যোক্তারা জানান।

**পরিবেশ পরিচয়**

- সোমবার থেকে জয়ন্তীতে শুরু হয়েছে দু'দিনের এই প্রকৃতি বীক্ষণ শিবির
- মোট দশটি স্কুলের ৯০ জন পড়ুয়া অংশ নিয়েছে এই শিবিরে
- সোমবার সকাল সাড়ে দশটায় জাতীয় পতাকা তুলে শিবিরের সূচনা হয়

# হাতির করিডরে ছড়ানো মদের বোতল

**অসীম দত্ত**

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** কাঁটায় ভরা পথে মানুষ চলতে না পারলেও বন্যপ্রাণীদের কাছে তা সমস্যার নয়। কিন্তু কাঁটার জায়গায় যদি মদের বোতল হয়? সেক্ষেত্রে বন্যপ্রাণীরা বিপদে পড়ে বৈকি। বক্সা টাইগার রিজার্ভে হাতির করিডরে পড়ে থাকা প্রচুর খালি মদের বোতলে বন্যজন্তুদের বিপদ ডেকে আনছে। বিশেষ করে ওই বোতলগুলি থেকে হাতির পালের জখম হওয়ার আশঙ্কা প্রবল। কোথা থেকে বক্সার কোর জঙ্গলে ওই বোতলগুলি এল তা নিয়ে প্রশ্ন উঠেছে। পরিবেশপ্রেমীরা তদন্তের দাবি জানাচ্ছেন।

বক্সা টাইগার রিজার্ভের পাম্পুবস্তি থেকে পানিঝোরা যাওয়ার পথে জঙ্গলের ধারে খালি মদের বোতলের স্তূপ জমে রয়েছে। পাশাপাশি জঙ্গলের মধ্যেও গড়াগড়ি খাচ্ছে অনেক কাচের বোতল। ওই সম্পূর্ণ এলাকাটাই হাতির করিডর হিসেবে চিহ্নিত। তারপরেও ওই এলাকায় মদের বোতল ফেলা হয়েছে। সংশ্লিষ্ট এলাকায় বুনোরা ঘুরে বেড়ায়। সেক্ষেত্রে এই মদের বোতল যথেষ্ট বিপদ ডেকে আনছে।

বক্সা টাইগার রিজার্ভের ক্ষেত্র অধিকর্তা অপূর্ব সেনের বক্তব্য, 'আমি বিষয়টি দেখছি। বনকর্মীদের পাঠিয়ে সমস্ত বোতল সরিয়ে ফেলা হবে। পাশাপাশি এমন বোতল ফেলে রাখা আটকাতে ওই এলাকায় সচেতনতা শিবিরও করা হবে। যাদের হাতির করিডরে কাচের বোতল ফেলতে দেখা যাবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।'

পাম্পুবস্তি এলাকায় ছোটবড় মিলিয়ে ১০টির মতো হোমস্টে রয়েছে। ওই হোমস্টেগুলি থেকেই খালি মদের বোতল ফেলা হয়েছে এমন গুঞ্জনও উঠেছে। যদিও সেই গুঞ্জনে কান দিতে নারাজ পর্যটন ব্যবসায়ী সংগঠনগুলি। ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি পার্থসারথি রায় বলেন, 'কারা নামীদামি মদের খালি বোতল ফেলল তা যথেষ্ট সন্দেহের। হোমস্টেগুলি এখন একপ্রকার বন্ধই রয়েছে। পাশাপাশি এত দামি মদ বস্তির মানুষ সাধারণত পান করেন না। তাই আমাদের ধারণা বোতলগুলি বাইরে থেকে এনে ফেলা হয়েছে। এর পেছনে অন্য কোনও চক্রান্ত থাকতে পারে।'

আগেও একাধিকবার বক্সার জঙ্গলে, নদীর ধারে ভাঙা মদের বোতল থেকে বুনোরা জখম হয়েছে। তার পরেই বন দপ্তরের তরফে বক্সার পিকনিক স্পটগুলিকে বন্ধ করা হয়। ফের চলতি বছর থেকে ফের পিকনিক স্পটগুলো চালু করা হয়। তবে, জঙ্গল এলাকায় বিভিন্ন নদীর ধারে পিকনিকের মরশুমে মদের বোতল ফেলা রুখতে কড়া নজরদারি চালিয়েছে বন দপ্তর। তারপরেও এমন মদের বোতল ছড়িয়ে থাকা নিয়ে উদ্বেগ বেড়েছে।

হস্তীবিশারদ তথা পদ্মশ্রী সম্মানপ্রাপক পার্বতী বড়ুয়ার কথায়, 'আমাদের শিশুরা যেখানে চলাফেরা, খেলাধুলো করে আমরা কি সেখানে কাচের বোতল ফেলি? নিশ্চয়ই না। তবে হাতির চলাচলের পথে কেন মদের বোতল ফেলব? এতে ওরা জখম হয়। অনেক সময় মদের বোতলের কারণে হাতির পা জখম হয়ে ক্ষত মারাত্মক আকার নেয়। এতে বুনোদের মৃত্যু পর্যন্ত হতে পারে।'

আলিপুরদুয়ার নেচার ক্লাবের সম্পাদক ত্রিদিবেশ তালুকদার এই বিষয়টিকে গভীর উদ্বেগের বলে মনে করছেন। অবিলম্বে প্রশাসন ও বন দপ্তর এই ঘটনার তদন্ত করুক চাইছেন তিনি। বক্সার জঙ্গলে হাতির করিডরে মদের বোতল ফেলা নিয়ে পার্বতী আরও বললেন, 'বন দপ্তরের মুষ্টিমেয় কর্মচারী দিয়ে এই অমানবিক কাজ বন্ধ করা সম্ভব নয়। সমস্ত নাগরিককে বন্যপ্রাণী রক্ষায় ভূমিকা নিতে হবে। পুলিশ ও প্রশাসনের উচিত আরও নজরদারি বাড়ানো।'



*রাজাভাতখাওয়ার পাম্পুবস্তি এলাকায় পড়ে রয়েছে খালি মদের বোতল। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী*

> আমাদের শিশুরা যেখানে চলাফেরা, খেলাধুলো করে আমরা কি সেখানে কাচের বোতল ফেলি? নিশ্চয়ই না। তবে হাতির চলাচলের পথে কেন মদের বোতল ফেলব? এতে ওরা জখম হয়।
>
> - পার্বতী বড়ুয়া, *হস্তীবিশারদ*

# ইউনেসকোর সঙ্গে মউ স্বাক্ষর

## রাজ্যে প্রথম উদ্যোগ ফালাকাটা কলেজে

**সুভাষ বর্মন**

**ফালাকাটা, ২৪ মার্চ :** ফালাকাটা কলেজের ইতিহাসে নয়া পালক। সোমবার এই কলেজের সঙ্গে মউ স্বাক্ষর করল ইউনেসকো। যা আলিপুরদুয়ার জেলা তো বটেই, গোটা রাজ্যের মধ্যেই প্রথম। এই মউয়ের মাধ্যমে আগামীতে ইউনেসকোর বিভিন্ন কর্মসূচিতে শামিল হতে পারবে কলেজ। অধ্যাপক-অধ্যাপিকাদের পাশাপাশি পড়ুয়ারাও বিভিন্ন কর্মসূচিতে অংশ নিতে পারবেন।

শিক্ষার পাশাপাশি সমাজ, সংস্কৃতির উন্নতি হোক, এমনটাই চাইছে ইউনেসকো। আর এজন্য কলেজ পড়ুয়াদের ভূমিকা সমাজে গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে রাজ্যের মধ্যে প্রথম ফালাকাটা কলেজকে বেছে নেওয়ায় কলেজ কর্তৃপক্ষ দারুণ খুশি। তবে এখন ধাপে ধাপে রাজ্যের বিভিন্ন কলেজের সঙ্গেই এভাবে মউ স্বাক্ষর করা হবে বলে ইউনেসকোর প্রতিনিধিরা জানিয়েছেন।

ইউনেসকোর রাজ্য অ্যাসোসিয়েশনের কোঅর্ডিনেটর ডঃ কার্তিকচন্দ্র সূত্রধরের কথায়, 'প্রথমে কলেজের ৩০ জন অধ্যাপক, অধ্যাপিকাকে ইউনেসকোর সদস্যপদ নিতে হয়। তবেই এই মউ স্বাক্ষর করা সম্ভব। ফালাকাটা কলেজের অধ্যাপক-অধ্যাপিকারা রাজ্যের মধ্যে প্রথম সেই সদস্যপদ নিয়েছেন। তাই এদিন মউ স্বাক্ষরিত হল। তবে এখন ধাপে ধাপে রাজ্যের অন্যান্য কলেজের সঙ্গেও এই মউ স্বাক্ষরিত হবে।'

এর ফলে কী হবে? যেমন বিশ্ব পরিবেশ দিবস পৃথিবীর সব দেশেই তো পালিত হয়। ইউনেসকোর গাইডলাইন মেনে এবার আগামীতে বিশ্ব পরিবেশ দিবস ঘটা করে ফালাকাটা কলেজে উদযাপিত হবে। তাতে পড়ুয়ারা শামিল হবেন। পড়ুয়াদের মাধ্যমে সমাজে সেই বার্তা পৌঁছে দেওয়া সম্ভব হবে। এরকম ইউনেসকো স্বীকৃত আন্তর্জাতিক স্তরের নানা কর্মসূচিতেই এবার থেকে শামিল হবে ফালাকাটা কলেজ।

এদিন ইউনেসকোর স্টেট কোঅর্ডিনেটর ছাড়াও উত্তর-পূর্ব ভারতের ইউনেসকোর সেক্রেটারি জেনারেল ডঃ অশ্বিনীকুমার শর্মা উপস্থিত ছিলেন। প্রথমে কলেজের সেমিনার রুমে আলোচনা হয়। তারপর মউ স্বাক্ষরিত হয়। এই মউ স্বাক্ষরের দিনটিকে ঐতিহাসিক বলে মনে করছেন কলেজ পরিচালন সমিতির সভাপতি সুরেশ লালা। তাঁর কথায়, 'আমি পদে থাকাকালীন আন্তর্জাতিক স্তরের এত বড় একটি মউ স্বাক্ষরিত হল। যা কিনা রাজ্যের মধ্যে প্রথম। তাই এই দিনটি কলেজের কাছে একটি ঐতিহাসিক দিন। এজন্য সবাইকে শুভেচ্ছা জানিয়েছি।'


এই মউয়ের মাধ্যমে কীভাবে কলেজের অধ্যাপক, অধ্যাপিকা ও পড়ুয়ারা উপকৃত হবেন সেকথা জানিয়েছেন অধ্যক্ষ ডঃ হীরেন্দ্রনাথ ভট্টাচার্য। অধ্যক্ষের কথায়, 'অধ্যাপক-অধ্যাপিকারা ইউনেসকোর বিভিন্ন সেমিনারে অংশগ্রহণ করতে পারবেন। ইউনেসকোর জার্নালে নিজেদের লেখাও পাঠানোর সুযোগ পাবেন। এভাবে অধ্যাপক, অধ্যাপিকারা আরও সমৃদ্ধ হলে তা পড়ুয়াদেরও উপকারে লাগবে। এছাড়াও ইউনেসকো থেকে ফান্ডও আসবে।'

এই মউ স্বাক্ষরের ক্ষেত্রে অগ্রণী ভূমিকায় ছিলেন কলেজের ইতিহাস বিভাগের অধ্যাপক ডঃ প্রদীপকুমার অধিকারী ও ইন্টারনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের কোঅর্ডিনেটর অধ্যাপিকা অর্পিতা দত্ত বিশ্বাস। তাঁরা জানান, আগামীতে কলেজ থেকে একটি ঘরের ব্যবস্থা করা হলে ইউনেসকো একটি গ্রন্থাগারের জন্য সহযোগিতা করবে। সেটা সম্ভব হলে পড়ুয়ারা সেই গ্রন্থাগার থেকে পড়ুয়ারা আরও বেশি উপকৃত হবে।

এই মউয়ের বিষয়টি পড়ুয়াদের মধ্যেও সাড়া ফেলেছে। দ্বিতীয় সিমেস্টারের পড়ুয়া পূজা সরকারের কথায়, 'এটা গর্বের বিষয়। আগামীতে ইউনেসকোর মাধ্যমে আমরা অনেক কিছু ভালোভাবে জানতে পারব।' আবার ষষ্ঠ সিমেস্টারের বিক্রম মণ্ডলের আফসোস, 'আমরা তো কলেজে আর কয়েক মাস আছি। এরকম ইউনেসকোর সঙ্গে মউ আরও আগে স্বাক্ষরিত হলে ভালো হত।'

১৯৮১ সালে প্রতিষ্ঠিত ফালাকাটা কলেজ এখন অনেকটাই উন্নত। পরিকাঠামোগত উন্নতির পাশাপাশি পড়াশোনা, খেলাধুলোয় এই কলেজের সুনাম রয়েছে। সেক্ষেত্রে এই মউ কলেজের গৌরব যেন আরও বাড়িয়ে দিল।


মউ স্বাক্ষরের পর ইউনেসকোর আধিকারিকদের সঙ্গে ফালাকাটা কলেজ কর্তৃপক্ষ। সোমবার।



### কীভাবে হল

প্রথমে কলেজের ৩০ জন অধ্যাপক, অধ্যাপিকাকে ইউনেসকোর সদস্যপদ নিতে হয়েছে

তবেই এই মউ স্বাক্ষর করা সম্ভব

ফালাকাটা কলেজের অধ্যাপক-অধ্যাপিকারা রাজ্যের মধ্যে প্রথম সেই সদস্যপদ নিয়েছেন


### লাভ হবে

ইউনেসকো স্বীকৃত আন্তর্জাতিক স্তরের নানা কর্মসূচিতেই এবার থেকে শামিল হবে ফালাকাটা কলেজ

ইউনেসকোর জার্নালে নিজেদের লেখা পাঠানোর সুযোগ পাবেন অধ্যাপক-অধ্যাপিকারা

ইউনেসকো থেকে ফান্ডও আসবে

কলেজে একটি গ্রন্থাগার স্থাপনের জন্য ইউনেসকো সহযোগিতা করবে



# মশার কামড়ে অস্থির

## ভোঁভোঁ শব্দে অতিষ্ঠ

**পল্লব ঘোষ**

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** আলিপুরদুয়ার শহরের রাস্তাঘাট, দোকানপাট, উদ্যান কোথাও দাঁড়ানো যায় না সন্ধ্যার পর। আড্ডা দিতে গেলেও ১০ থেকে ১৫ মিনিটের বেশি বসা যায় না। ঘরে বাইরে এখন মশার উৎপাত। ঠিক এমনই বিরক্তি শোনা গেল সুশান্ত দেবনাথের কথায়।

সুশান্তের কথায়, 'সামান্য গরম পড়তেই বেড়েছে মশার উপদ্রব। মশার যন্ত্রণায় দৈনন্দিন কাজ করাটাই দায় হয়ে পড়েছে। প্রশাসনের দ্রুত মশানাশক রাসায়নিক স্প্রে করা উচিত।'

শুধু সুশান্ত নন। শহরের বিভিন্ন মানুষের সঙ্গে কথা বলে জানা সকলে মশার যন্ত্রণায় অতিষ্ঠ। দিন শেষ হতে না হতে মশার ভোঁভোঁ শব্দ শুরু হয়ে যায়। মশার উৎপাতে সমস্যায় পড়তে হচ্ছে পড়ুয়াদের। অভিভাবক পম্পা সাহা বলেন, 'মশার উৎপাতে সন্ধ্যায় ছেলের পড়াশোনায় খুবই সমস্যা হচ্ছে।'

পুরসভার স্বাস্থ্য বিভাগের বিভিডি প্রিভেনশন ও কন্ট্রোলের নোডাল অফিসার বিমলেন্দু তালুকদার জানান, এই মুহূর্তে শহরের নর্দমা, নালা ইত্যাদি পরিষ্কারের কাজ চলছে। পরিষ্কার হলেই মশানাশক রাসায়নিক স্প্রে করা হবে। পরবর্তীতে ধাপে ধাপে সমস্ত ওয়ার্ডে কমিটি গঠন করে সচেতনতামূলক প্রচারও শুরু হবে গাইডলাইন মেনে।

শহরের নেতাজি রোড সংলগ্ন খাল, আলিপুরদুয়ার স্টেশন সংলগ্ন এলাকা, প্যারেড গ্রাউন্ড সংলগ্ন এলাকা, কলকাকলি স্কুল সংলগ্ন এলাকা, নিউ আলিপুরদুয়ার মোড় এলাকা সহ শহরের বিস্তীর্ণ এলাকাজুড়ে থাকা নালা-খালগুলিতে আবর্জনা জমে জল যাওয়া বন্ধ হয়ে গিয়েছে। শুধু তাই নয়, শহরের বিএমসি ক্লাব সংলগ্ন এলাকায় প্রচুর কচুরিপানা জন্মেছে। নোংরা জলে মশা জন্মালেও ম্যালেরিয়া বা ডেঙ্গি জাতীয় মশা পরিষ্কার জলেও জন্মায়। ফলে এই মুহূর্তে ম্যালেরিয়া, ডেঙ্গির প্রাধান্য সেভাবে দেখা না গেলেও মশার উৎপাত প্রচণ্ড আকার নিয়েছে। এরফলে ভবিষ্যতে বিভিন্ন রোগের শিকার হতে পারেন বলে মনে করছেন শহরবাসীদের একাংশ। বিশেষজ্ঞদের মতে ফেব্রুয়ারি মাস থেকে এপ্রিল পর্যন্ত মশার উপদ্রব বেশি থাকে। তাই মশাবাহিত রোগের পরিমাণও বেড়ে যায়।

সোমবার শহরের ১৯ নম্বর ওয়ার্ড সংলগ্ন নেতাজি খাল থেকে আবর্জনা তুলতে দেখা যায় পুরকর্মীদের। তবে শহরের অধিকাংশ রাস্তার পাশের নালায় ময়লা তুলে রাখা হয়েছে। স্তূপীকৃত আবর্জনা ও যত্রতত্র রাখা ডাস্টবিনের কারণে শহরকে জঞ্জাল নগর মনে হচ্ছে। যে হারে মশার উপদ্রব বেড়েছে ততটা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যক্রম চোখে না পড়ায় জনমানসে দেখা দিয়েছে উদ্বেগ-উৎকণ্ঠা। বছরখানেক আগেও শহরে ডেঙ্গির প্রকোপ ভালোরকম ছিল। তাই সিঁদুরে মেঘ দেখছে আমজনতা।

পুরসভার বিরোধী কাউন্সিলার শান্তনু দত্ত বলছেন, 'পুরসভায় কর্মী ও গাড়ির সংখ্যা কম রয়েছে। স্বাভাবিকভাবে কাজ ধীরে এগোচ্ছে। আগামী বর্ষায় মশার উৎপাত রুখতে পুরসভার প্রয়োজনীয় পদক্ষেপ করা দরকার।'


বিএমসি মাঠ সংলগ্ন কচুরিপানায় ভরা নর্দমা।


বীরপাড়া চৌপথিতে রাস্তার পাশে জমা জলে মশকবাহিনী।

# নালা, গর্ত হয়ে উঠেছে আঁতুড়

**মোস্তাক মোরশেদ হোসেন**

**বীরপাড়া, ২৪ মার্চ :** এখনও সেভাবে গরম পড়েনি। কিন্তু শীত একটু কমতেই যেভাবে দাপট দেখাচ্ছে মশকবাহিনী, তাতে রীতিমতো আতঙ্কে রয়েছেন বীরপাড়ার বাসিন্দারা। রাতে তো বটেই, দিনেও বেপরোয়া মশার দল। দিনরাত ২৪ ঘণ্টাই শহরবাসী অস্থির হয়ে উঠেছেন মশার উপদ্রবে।

আর এজন্য এলাকার বাসিন্দারা দায়ী করছেন পরিচ্ছন্নতার অভাবকেই। নিকাশিনালা এবং রাস্তার পাশে জমা জলই মশার আঁতুড়, বলছেন ভুক্তভোগীরা। নিকাশিনালাগুলি নিয়ম মেনে সময় মতো সাফ না করানোর ফলে সমস্যা বেড়েছে, অভিযোগ স্থানীয়দের। অবশ্য নালা সাফাইয়ে পদক্ষেপের আশ্বাস দিয়েছে পঞ্চায়েত।

বীরপাড়া চৌপথির পাপ্পু পাল বলছিলেন, 'নালায় দীর্ঘদিন ধরে আবর্জনা জমে রয়েছে। জমতে জমতে নালা বুজে গিয়েছে। ফলে জল বেরিয়ে যেতে পারছে না। বীরপাড়ার নালাগুলি এখন মশার আঁতুড়। দিনেও কামড়াচ্ছে মশা। অথচ নালা সাফাই করা হচ্ছে না।'

অবশ্য বীরপাড়া-১ গ্রাম পঞ্চায়েতের প্রধান সুচিত্রা মল্লিক আশ্বাস দিচ্ছেন। বলছেন, 'এ নিয়ে পঞ্চায়েত সদস্যদের সঙ্গে কথা হয়েছে। শীঘ্রই বীরপাড়ার বিভিন্ন এলাকার নিকাশিনালাগুলি সাফাইয়ের কাজ শুরু করা হবে।'

আবর্জনা নিয়ে সমস্যা অবশ্য এখানে নতুন কিছু নয়। বরং এই আবর্জনাই বীরপাড়ার অন্যতম প্রধান সমস্যা। ঘটা করে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের উদ্বোধন হলেও এখনও নিয়মিত আবর্জনা সাফাইয়ের কাজ শুরু করা হয়নি। বীরপাড়ার লোকালয়ে একটু ঘুরে বেড়ালেই চোখে পড়বে সর্বত্র আবর্জনার স্তূপ। আবর্জনা জমেছে নালাতেও। এতেই সমস্যা চরমে উঠেছে। ক্ষুদিরামপল্লির সুরজ সাহানি বলছেন, 'আগে নালায় জমা আবর্জনা সাফাই করা দরকার। এছাড়া মশা মারার ওষুধ স্প্রে করাও প্রয়োজন।'

শহর ঘুরে দেখা গিয়েছে, বিভিন্ন এলাকায় রাস্তাঘাটের আশপাশের গর্তে জল জমে রয়েছে। কারণ সপ্তাহ তিনেক ধরে মাঝে মাঝে অল্প পরিমাণে হলেও বৃষ্টি হচ্ছে। এতে বংশবিস্তারের সুযোগ পেয়েছে মশা। জমা জলে কিলবিল করছে মশার লার্ভা। জলের উপরিভাগে বসে পূর্ণাঙ্গ মশা। বিশেষজ্ঞরা বারবার বলছেন, পরিষ্কার জমা জলেই ডেঙ্গি ও ম্যালেরিয়ার মশা জন্মায়। যাতে ঘরে বা বাড়ির আশপাশে কেউ জল না জমায়, সেজন্য প্রশাসনের তরফে বাড়ি বাড়ি ঘুরে সচেতনতার প্রচারও চলে। কিন্তু খোদ প্রশাসনকে সচেতন করবে কে?

ঋতুবদলের এই সময়টায় মশার হাত থেকে নিস্তার পাওয়া আরও কঠিন। বলছেন এলাকাবাসী। কারণ, শীতের প্রকোপ কমায় মশার প্রকোপ বেড়েছে। ফ্যান চালিয়ে বসলে একটু হয়তো শান্তি পাওয়া যায়। কিন্তু গরম তো পুরোপুরি পড়েনি। ঠান্ডা লাগে যে! সেই সমস্যার কথাই উঠে এল কলেজপাড়ার বাসিন্দা দীপঙ্কর সরকারের কথায়। বলছিলেন, 'দিনেরবেলা তো মশারি খাটানো যায় না! এদিকে মশা তাড়াতে ফ্যান চালালে ঠান্ডা লাগে। নালাগুলি সাফাই করা হলেই সমস্যা অনেকটা মিটে যাবে। না হলে ঘরে ঘরে জ্বর সহ নানা ব্যাধিতে আক্রান্ত হব আমরা।'

> আবর্জনা জমে থাকার সমস্যা নিয়ে পঞ্চায়েত সদস্যদের সঙ্গে কথা হয়েছে। শীঘ্রই বীরপাড়ার বিভিন্ন এলাকার নিকাশিনালাগুলি সাফাইয়ের কাজ শুরু করা হবে।
>
> **সুচিত্রা মল্লিক,** *প্রধান*
> *বীরপাড়া-১ গ্রাম পঞ্চায়েত*

## ৫ দফা দাবি

**ফালাকাটা, ২৪ মার্চ :** সোমবার দুলাল দোকান এলাকার বাসিন্দারা ফালাকাটা পুরসভার চেয়ারম্যান, বিডিও, বিএলআরও সহ বিভিন্ন দপ্তরে স্মারকলিপি প্রদান করেন। এলাকার প্রাক্তন পঞ্চায়েত সদস্য গফুর আহমেদ বলনে, 'আমরা মোট ৫ দফা দাবি জানিয়ে স্মারকলিপি দিয়েছি। জমির দাম ঠিক করা, জমির দখলদার ঘোষণা, সমস্ত জমি বাস্তু হিসেবে চিহ্নিত করা ইত্যাদি। প্রশাসন জানিয়েছে, তারা প্রয়োজনীয় পদক্ষেপ করবে।'

## কমিটি গঠন

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** আন্তজাতিক রাজবংশী চলচ্চিত্র উৎসব কমিটির উদ্যোগে অক্টোবরে চলচ্চিত্র উৎসব হতে চলছে আলিপুরদুয়ারে। সেই উপলক্ষ্যে সোমবার ৬০ জনের একটি কমিটি গঠিত হল। এবার এই উৎসব দশম বর্ষে পড়তে চলেছে। ওই উৎসব কমিটির প্রতিষ্ঠাতা দেবকুমার দাস বলেন, 'আজ কমিটি গঠিত হল। ১০ এপ্রিল পুরসভার প্রেক্ষাগৃহে চূড়ান্ত কমিটি গঠিত হবে।'

## নৃত্যানুষ্ঠান

**বীরপাড়া, ২৪ মার্চ :** রবিবার বীরপাড়া এলাকার দুর্গাবাড়িতে একটি ধ্রুপদি নৃত্যানুষ্ঠান হয়। কত্থক নৃত্যশিল্পী দেবজ্যোতি মণ্ডল এই অনুষ্ঠানের আয়োজন করেন। অনুষ্ঠানে আশিক সরকার পরিবেশিত ভরতনাট্যম নৃত্য বেশ প্রশংসা কুড়িয়েছে। দেবজ্যোতি জানালেন, আশিক বিশ্বের বিভিন্ন দেশে ভরতনাট্যম পরিবেশন করেছেন।

# তিনে পা : কী চেয়েছি, কী পেয়েছি

খোলা জানালা

আলিপুরদুয়ার জেলার দ্বিতীয় পুরসভা ফালাকাটা। পঞ্চায়েত থেকে শহরে উন্নীত হয়েছে, দেখতে দেখতে ৩ বছর পার হয়ে গেল। এই সময়কালে মানুষের প্রত্যাশা কী ছিল, নবগঠিত পুরসভা সেই প্রত্যাশা কতটাই বা পূরণ করতে পেরেছে, সেসব নিয়ে মুখ খুললেন শহরের দুই বিশিষ্ট নাগরিক।




## হোক সবুজায়ন


**শৌরসেনী ভদ্র**
*নৃত্যশিল্পী, ফালাকাটা*

আমাদের অনেক আশার আলো জ্বালিয়ে ফালাকাটা পুরসভার জন্ম। আজ তার তিন বছর বয়স। বছর তিনেকের এই পুরসভার থেকে আমার কাছে প্রাপ্তির চাইতে অপ্রাপ্তির তালিকাটাই একটু বেশি লম্বা। আমার প্রাপ্তির মধ্যে প্রথম দিকেই থাকবে, একজন স্বচ্ছ চেয়ারম্যান পাওয়ার কথা। বাকি কাউন্সিলারও ভালো। ইতিমধ্যেই বিভিন্ন এলাকায় একাধিক রাস্তা, কয়েকটি ড্রেন হয়েছে। আবার বেশকিছু প্রস্তাব নাকি উপর মহলে পাঠানোও হয়েছে। এর থেকে বেশি অবশ্য তেমন কিছুই পাচ্ছি না।

বরং যা যা হবার কথা ছিল তার বেশিরভাগই হয়নি। বলতে গেলে নিরানব্বই শতাংশই হয়নি। তাই এখনও বেশিরভাগ ওয়ার্ডে বাড়ি বাড়ি পানীয় জলপ্রকল্প চালু হয়নি। রাস্তার পাশে অবর্জনার স্তূপ জমে থাকে অনেক জায়গাতেই। নিকাশি ব্যবস্থা খুব খারাপ। ড্রেনগুলো নিয়মিত পরিষ্কার করা হয় না। তাই একটু বৃষ্টিতেই বাড়িতে রাস্তার জল ঢুকে যায়। ফলে খুব মশামাছির উপদ্রব হয়। এর মধ্যে আবার আশার কথা হল, ডাম্পিং গ্রাউন্ডের কাজ শুরু হয়েছে। পুরসভার উচিত, খুব শীঘ্র এই কাজ শেষ করা। পুরসভা যদি শিশুদের জন্য একটি শিশু উদ্যান তৈরি করে দেয়, তাহলে তা হবে ছোটদের খেলাধুলো, বিনোদনের জন্য একটা ভালো পদক্ষেপ।

আমি মনে করি, পুর কর্তৃপক্ষের তরফে ওয়ার্ডভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করলে অনেক সুপ্ত প্রতিভা বিকশিত হবে। এছাড়া, ফালাকাটায় অনেক বড় বড় গাছ কাটা পড়েছে। শহরে সবুজের বড়ই অভাব। ভবিষ্যতের উষ্ণায়নের কথা মাথায় রেখে প্রচুর গাছ লাগানো দরকার। পুরসভা নাগরিক স্বাস্থ্য, শহরের পরিচ্ছন্নতা ও সৌন্দর্যায়নের দিকে আরও নজর দিলে আমাদের প্রাণের শহর হয়ে উঠবে আরও সুন্দর। আমার মনে হয়, আমার মতের সঙ্গে শহরের অনেকেরই মতামত মিলবে।

## আমার শহর, গর্বের শহর


**মাধুরী রায়**
*শিক্ষিকা*

দেখতে দেখতে তিন বছর পূর্ণ করল ফালাকাটা পুরসভা। তিন বছরে অনেক কাজ করেছে পুর কর্তৃপক্ষ। রাস্তাঘাট আগের তুলনায় অনেক ভালো। গলির রাস্তাগুলোও অনেকটা ঠিক হয়েছে। কয়েকটা গলির রাস্তার হাল অবশ্য এখনও খারাপ। ওই রাস্তাগুলো দিয়ে যে কোনেও অসুস্থ মানুষের চলাফেরা করা ভয়াবহ কষ্টের।

তবে শহরটা বেশ পরিষ্কার থাকে আগের তুলনায়। ফুটপাথ থেকে খাবারের দোকানগুলো সরিয়ে দেওয়ার জন্য পথচারীদের সুবিধা হয়েছে। ফুটপাথে নিয়ে দখলদারির সমস্যাও অনেকটা কমে ছিল। যদিও ফের ফুটপাথ দখল শুরু হয়েছে। টোটোর দৌরাত্ম্য আগের চেয়ে কিছুটা নিয়ন্ত্রিত হলেও কমেনি। বাড়ির আবর্জনা ফেলার বন্দোবস্ত তিন বছরেও হল না। প্রতিশ্রুতি অনুযায়ী বাসস্ট্যান্ডের কাজ এখনও শুরু হয়নি। যার জন্য দুর্ঘটনা বেড়েই চলছে। শহরে সুলভ শৌচালয় কমপ্লেক্স তৈরি করা প্রয়োজন। প্রচুর লোকজন প্রতিদিন বাইরে থেকে বিভিন্ন কাজে ফালাকাটায় আসেন। সুলভ শৌচালয় থাকলে তাঁদের সুবিধা হবে।

গরমে ধুলোর সমস্যা দূর করতে গাড়ি দিয়ে রাস্তায় জল দেওয়ার ব্যবস্থা করুক পুরসভা। সামনেই গ্রীষ্মকাল। গরম যত বাড়বে, মশার উপদ্রব তত বাড়বে। যদি অন্য শহরের মতো এখানেও মশা দমনে রাসায়নিক স্প্রে করা হয়। রোগের প্রকোপ কমবে। আশা রাখি খুব শীঘ্রই এই সমস্যাগুলোর সমাধান হবে। ফালাকাটা আমাদের অহংকারের শহর। একে সুন্দর করার পরিকল্পনার দায়িত্ব পুরসভার।

# লক্ষাধিক টাকার চুরি

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** আলিপুরদুয়ার শহরের ১২ নম্বর ওয়ার্ডের বাবুপাড়ায় বাড়ির দরজা ভেঙে চুরির ঘটনা ঘটল। ক্ষতিগ্রস্ত পরিবারের দাবি, নগদ প্রায় ২৫ হাজার টাকা ও প্রায় ৪ লক্ষ টাকার সোনার গয়না খোয়া গিয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। আলিপুরদুয়ার থানার আইসি অনির্বাণ ভট্টাচার্য জানান, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

সোমবার দুপুর দেড়টা নাগাদ টুম্পা দে ও রেখা দে সহ সেই বাড়ির অন্য লোকজন দরজায় তালা দিয়ে বাইরে গিয়েছিলেন। বাড়ি ফাঁকা থাকার সুযোগ নিয়ে অপারেশন চালায় দুষ্কৃতী বা দুষ্কৃতীরা। বিকেল সাড়ে ৫টা নাগাদ টুম্পারা ফিরে এসে দেখেন, ঘরের দরজা ধারালো কিছু দিয়ে কেটে ভেঙে ফেলা হয়েছে। ঘরের পেছন দিকে ধারালো হ্যাকস' ব্লেড পড়ে ছিল। তা দিয়েই দরজা কাটা হয়েছে বলে অনুমান। আলমারিতে রাখা বিভিন্ন জিনিস ওলট-পালট হয়ে ছিল। এমনকি টাকা জমানোর মাটির ঘটও ভেঙেছে চোর। এসব দেখে অসুস্থ হয়ে পড়েন টুম্পা। প্রতিবেশীরা তাঁর শুশ্রূষা করেন। টুম্পার শাশুড়ি রেখা দে-ও বারবার কান্নায় ভেঙে পড়ছিলেন।

খবর পেয়ে ঘটনাস্থলে যান স্থানীয় কাউন্সিলার দীপ্ত চট্টোপাধ্যায়।

# মাটি না মেলায় চিন্তায় মৃৎশিল্পীরা

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ২৪ মার্চ :** প্রতিমা তৈরির মাটি মিলছে না। দুর্গাপুজোর প্রস্তুতির শুরুতে হোঁচট মৃৎশিল্পীদের। পুজোর আর ছয় মাস বাকি। এদিকে, বৃষ্টির পূর্বাভাস রয়েছে। অন্য বছর ফেব্রুয়ারিতেই মাটির ব্যবস্থা হয়ে যায়। তবে চলতি বছরে রয়্যালটি সহ প্রশাসনিক কাজকর্মে সময় লাগায় মাটি জোগাড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে মৃৎশিল্পীদের কাছে। তবে এই সমস্যা কিন্তু নতুন নয়। কয়েক বছর ধরে আলিপুরদুয়ারে মাটি সংকট বেড়েই চলছে। চলতি বছর পুজো এগিয়ে আসায় সমস্যা আরও বৃদ্ধি পাওয়ার আশঙ্কা।

আলিপুরদুয়ারের মৃৎশিল্পী সম্পাদক গোপাল পাল বলেন, 'মাটি পেতে সমস্যা দেখা দিয়েছে। বিশেষ করে রয়্যালটি পেতে দপ্তরে দপ্তরে ঘুরতে হচ্ছে। এদিকে, বর্ষা শুরু হলে মাটি জোগাড় কঠিন হয়ে পড়বে।'

প্রতিমা গড়তে এঁটেল মাটির প্রয়োজন। বেশিরভাগ ক্ষেত্রে এর জন্য কৃষিজমির ওপর নির্ভর করতে হয়। সেই মাটির জন্য জমির ওপরের স্তর ফেলে নীচে স্তরের মাটি নিতে হয়। ফলে জমির উচ্চতা কমে যায়। পরবর্তীতে সেই জমিতে জল জমে যাওয়ায় চাষবাসেও সমস্যা হয়। ফলে কৃষকরাও মৃৎশিল্পীদের মাটি দিতে চাইছেন না।

অপরদিকে, এঁটেল মাটি সব জায়গায় পাওয়া যায় না। জমি মালিকদের রাজি করানোর পর আরও একাধিক পদক্ষেপ করতে হয়। কোথা থেকে কত পরিমাণ মাটির প্রয়োজন তা নির্দিষ্ট হওয়ার পরেই ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের অনুমতি নিতে হয়। তার জন্য রয়্যালটি আবশ্যক। আর এই রয়্যালটির কাগজ পেতে অনেকটা সময় পেরিয়ে যাচ্ছে বলে মৃৎশিল্পীদের অভিযোগ।

বর্ষাকাল শুরু হলে জলমগ্ন পরিস্থিতি হতে পারে। তখন মাটি তোলা একরকম অসম্ভব হয়ে পড়বে। তাছাড়াও মাটি ট্র্যাক্টর করে গন্তব্যে পৌঁছাতে অনেক সময় অন্যের জমি ব্যবহার করতে হয়।

মিত্র পাল নামে মৃৎশিল্পীর কথায়, 'এই সময় মাটি সংগ্রহ করতে না পারলে প্রতিমা তৈরি পিছিয়ে যাবে।'

মৃৎশিল্পী সূত্রে খবর, আলিপুরদুয়ার শোভাগঞ্জ এলাকার কুমারটুলির জন্য প্রায় একশো ট্রলির বেশি মাটির প্রয়োজন। মাটির সংকটের জন্য দাম বেড়ে চলেছে। গত বছর যে মাটি আড়াই হাজার টাকা প্রতি ট্রলি ছিল। চলতি বছরে তার দাম প্রায় তিন হাজার টাকার ওপরে উঠবে বলে মনে করছেন মৃৎশিল্পীরা। যার দরুন প্রতিমা তৈরির খরচ বৃদ্ধি পাবে। সেইসঙ্গে সমানতালে প্রতিমার দাম বৃদ্ধি পাওয়াটা স্বাভাবিক।

প্রশাসনিক নানা নিয়ম যাচাই করে রয়্যালটি দেওয়া হচ্ছে। আর তাতেই মাটির সমস্যা মিটছে না। চাষের পর ফসল ঘরে তোলার পরেই মাটি তোলার অনুমতি মিলছে। ফলে জমি পেতেও সমস্যায় পড়তে হচ্ছে। সবমিলিয়ে বলা যায়, বর্ষা শুরুর আগে মাটির ব্যবস্থা না করতে পারলে সমস্যায় পড়তে হবে মৃৎশিল্পীদের।



